

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসক, কক্সবাজার  
ও  
রিটার্নিং অফিসারের কার্যালয়  
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন


গণ-বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের তফশিল অনুসারে আগামী ০৭ জানুয়ারি, ২০২৪ তারিখ ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে। ভোট গ্রহণের দিন মধ্যরাত অর্থাৎ ০৬ জানুয়ারি ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে ০৭ জানুয়ারি ২০২৪ তারিখ মধ্যরাত ১২:০০টা পর্যন্ত লঞ্চ, ইঞ্জিন বোট ও সেন্টমার্টিন চলাচলকারী জাহাজ চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো।

উপরোল্লিখিত নিষেধাজ্ঞা জেলা রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে নিম্নবর্ণিত ক্ষেত্রে শিথিলযোগ্য:

- ক) প্রতিদ্বন্দী প্রার্থী/ তাদের নির্বাচনি এজেন্ট;
- খ) পরিচয়পত্রধারী দেশি-বিদেশি পর্যবেক্ষক ;
- গ) পরিচয়পত্রধারী নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশি/বিদেশি সাংবাদিক;
- ঘ) নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক;
- ঙ) কতিপয় জরুরি কাজ যেমন- অ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহৃত নৌযান;
- চ) নৌ-পথে বন্দর ও জরুরি পণ্য সরবরাহসহ অন্যান্য জরুরি প্রয়োজনে নিয়োজিত নৌযান;
- ছ) ভোটটার ও জনসাধারণের চলাচলের একমাত্র মাধ্যম হিসেবে ব্যবহৃত নৌযান।

০২। এমতাবস্থায়, বর্ণিত সময়ে উল্লিখিত নিষেধাজ্ঞা মেনে চলার জন্য জনসাধারণকে বিশেষভাবে অনুরোধ করা হলো।


  
মুহম্মদ শাহীন ইমরান  
জেলা প্রশাসক, কক্সবাজার  
ও  
রিটার্নিং অফিসার  
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন

নম্বর: ০৫.২০.২২০০.১০১.০১.০০১.২০২০- ৬৮২

তারিখ: ১৪ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ  
৩০ ডিসেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো : (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০২। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা
- ০৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
- ০৪। পুলিশ সুপার, কক্সবাজার
- ০৫। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম
- ০৬। জেলা নির্বাচন কর্মকর্তা, কক্সবাজার
- ০৭। জেলা তথ্য অফিসার, কক্সবাজার, (গণ-বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ)
- ০৮। উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার (সকল), কক্সবাজার (গণ-বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ)
- ০৯। উপজেলা নির্বাচন অফিসার (সকল), কক্সবাজার
- ১০। সভাপতি/ সাধারণ সম্পাদক, প্রেসক্লাব, কক্সবাজার
- ১১। অফিস কপি।

  
৩০।২২।২০২৬  
জেলা প্রশাসক, কক্সবাজার  
ও  
রিটার্নিং অফিসার  
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন